# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.SC. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2011**

**FIRST YEAR**

Date : 16/12/2011 **BENGALI (Honours)**

Time : 11 am – 3 pm Paper : I Full Marks : 100

## বিভাগ - ক

১. **যে কোন দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ [10×2]

ক) চর্যাপদের আবিষ্কার এবং নামকরণ সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য উল্লেখ করে, চর্যাপদের অন্ততঃ চারজন কবি সম্পর্কে আলোচনা করো।

খ) বাংলা বৈষ্ণবসাহিত্যে বিদ্যাপতির পদাবলীর গুরুত্ব আলোচনা করো।

গ) কৃত্তিবাসের কাব্যে কেমন করে সেকালের বাঙালিজীবন ফুটে উঠেছে, তা দেখাও।

ঘ) মঙ্গলকাব্য বলতে কী বোঝো? মঙ্গলকাব্য রচনার প্রেক্ষাপট সম্পর্কে আলোচনা করো।

২. **যে কোন দুটি** বিষয়ের উপর টীকা লেখো। [5]

ক) কৃষ্ণদাস কবিরাজ

খ) মালাধর বসু

গ) বিজয়গুপ্ত

৩. **যে কোন দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ [12·5×2]

ক) উচ্চারণপ্রকৃতির ভিত্তিতে বাংলা ব্যঞ্জনধ্বনির বিভিন্ন শ্রেণীর পরিচয় দাও।

খ) আধুনিক বাংলা রূপতত্ত্বে লিঙ্গের ভূমিকার পরিচয় দাও।

গ) স্বনিম শনাক্তকরণের পদ্ধতিগুলি সংক্ষেপে উদাহরণসহ আলোচনা করো।

ঘ) বাংলা বাক্যের গঠনগত শ্রেণীবিভাগগুলি উদাহরণসহ আলোচনা করো।

## বিভাগ - খ

৪. অভিসার বলতে কী বোঝো? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার কৃতিত্ব দৃষ্টান্তসহ দেখাও। [11]

**অথবা,**

অনুরাগ কাকে বলে? তোমার পাঠ্যপদ অবলম্বনে দেখাও যে, এই পর্যায়ের কোন্ পদকর্তাকে তুমি কেন শ্রেষ্ঠ বলে মনে করো?

৫. "যশোদা আসিয়া কাছে গোপালের মুখ মোছে
অপরাধ ক্ষমা করো মোরে"

কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? যশোদা কেন নিজেকে অপরাধী বলে মনে করেছেন? [1+1+2]

**অথবা,**

'বুক বাহিয়া পড়ে ধারা'--- কার লেখা, কোন্ পর্যায়ের পদ? কার বুক বেয়ে কেন ধারা পড়ছে? [2+2]

৬. শাক্তপদাবলীতে শাক্ততত্ত্বের পাশাপাশি বাঙালী জীবনের ঘরের কথাও কাব্যসুষমা লাভ করেছে --- আলোচনা করো। [11]

**অথবা,**

শাক্তপদাবলীর পদকর্তা হিসেবে রামপ্রসাদের কবিপ্রতিভা আলোচনা করো।

৭. 'কত আর সহে মায়ের প্রাণে'--- এই ক্ষুদ্র পংক্তিটির মধ্য দিয়ে কোন্ চিরায়ত বেদনা প্রকাশ পেয়েছে দেখাও। [4]

**অথবা,**

'আবাদ করলে ফলত সোনা'--- পংক্তিটির অর্থ বুঝিয়ে দাও।

৮. দল ও যতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। [10]

**অথবা,**

উদাহরণ ও বৈশিষ্ট্য সহ দলবৃত্ত ছন্দের পরিচয় দাও।

৯. **যে কোন দুটি** ছন্দোলিপির পরিচয় দাও ঃ [5+5]

ক) তোমার সৃষ্টির পথ রেখেছো আকীর্ণ করি
বিচিত্র ছলনাজালে হে ছলনাময়ী
মিথ্যা বিশ্বাসের ফাঁদ পেতেছ নিপুণ হাতে
সরল জীবনে।

খ) গুপ্তিপাড়ায় জন্ম তাহার নিন্দাবাদের দংশনে
অভিমানে মরতে গেল মোগলসরাই জংসনে।
কাছাকোঁচা ঘ্‌রিয়ে গুপী ধরলো ইজের পরলো টুপি
দুহাত দিয়ে লেগে গেল কোফ্‌তা-কাবাব ধ্বংসনে।

গ) ওধারের ঘরে তাহাদের ছেলে
বুঝিবা ধুঁকিছে জ্বরে,
এধারে প্রবাসী স্বামীটির লাগি
বধূটি শুকায়ে মরে।
নীচে মজ্‌লিসে সারাদিন গোল
চলিছে দাবার ঘুঁটি
---- ভাড়াটে কুঠি।

ঘ) বিষদন্ত দিয়া কালী দংশে তার পায়।
দুর্লভ লখাই জাগে বিষের জ্বালায়।
জাগো জাগো বেহুলা গো সায়বেনের ঝি।
তোরে পাইল কালনিদ্রা মোরে খাইল কী।।